SHAKTI™
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা

বিশেষ সংযোজন
ছবিতে পিকনিক ২০২৫

শক্তি বার্তা - ফেব্রুয়ারি, ২০২৫

## "সাফল্যের স্বীকৃতি" এক আনন্দঘন দিন উদযাপিত হলো স্টার্ক সাভারে





সেভিংস ড্রাইভ ২০২৪ সাফল্যের স্বীকৃতিতে গত ৭ ফেব্রুয়ারি এক আনন্দঘন দিন উদযাপিত হয়  শক্তি ট্রেনিং অ্যান্ড রিসার্চ সেন্টার (স্টার্ক), সাভারে; মনোমুগ্ধকর পরিবেশে, প্রাণবন্ত ও উদ্যমী অংশগ্রহণকারীদের উপস্থিতিতে, এটি ছিল এক অসাধারণ দিন। জোন পর্যায়ে ৮টি শাখার কর্মীদের সাফল্যের স্বীকৃতি জানাতে এই আয়োজন। দিনব্যাপী আয়োজিত এ অনুষ্ঠানে, খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের পাশাপাশি কর্মীরা তাদের সফল পথযাত্রার নানা অভিজ্ঞতা শেয়ার করেন, যা উপস্থিত সকলের মনে এক নতুন উদ্দীপনা ও উদ্যম সঞ্চারিত করে। অসামান্য সাফল্যের এই অর্জনের স্মারক হিসেবে, শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালকের সাথে সংশ্লিষ্ট শাখার কর্মীরা স্টার্ক সাভার প্রাঙ্গণে একযোগে ৮টি গাছ রোপণ করেন। এ দিন উপস্থিত সকলেই দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন যে, আগামী দিনগুলোতে শক্তি ফাউন্ডেশন আরও সাফল্যের দিকে এগিয়ে যাবে এবং তাদের একত্রিত প্রচেষ্টায় প্রতিষ্ঠানটি আরও উন্নতির শিখরে পৌঁছাবে।

## শক্তি ফাউন্ডেশন এবং ব্লাস্ট-এর মধ্যে সমঝোতা স্মারক সই




তৃণমূল পর্যায়ে নারীদের স্বাস্থ্য এবং আইনি অধিকার সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সমঝোতা স্মারক সই করেছে শক্তি ফাউন্ডেশন ও বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। গত ৬ ফেব্রুয়ারি ঢাকায় শক্তি ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে উভয় প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিতিতে সমঝোতা স্মারকটি সই করা হয়; এই সমঝোতা স্মারকের ফলে শক্তি ফাউন্ডেশনের স্বাস্থ্য প্রোগ্রামে কর্মরত সকল নারী মেডিকেল এসিসটেন্ট (ম্যাটস) ব্লাস্ট কর্তৃক মানবাধিকার, জেন্ডার, যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার এবং মানসিক স্বাস্থ্যের যত্নের উপর প্রশিক্ষণ নিয়ে নারীদের মাঝে সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন।

এছাড়াও কুমিল্লার তিতাস উপজেলায় কিশোর-কিশোরী ও যুব ক্লাবের মাধ্যমে স্থানীয়দের আইনি সহায়তার পাশাপাশি সিলেটের চা বাগানে আদিবাসী নারীদের স্বাস্থ্যসেবা, সন্তানদের শিক্ষা সহায়তা এবং আইনি সহায়তা দেয়া হবে। সেইসাথে সাতক্ষীরায় ক্লাইমেট রেজিলিয়েন্স ও অ্যাডাপ্টেশন বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে একযোগে কাজ করবে শক্তি ফাউন্ডেশন এবং ব্লাস্ট।

## তারুণ্যের উৎসব এনজিও মেলা-২০২৫





তারুণ্যের উৎসব এনজিও মেলা-২০২৫-এ অংশ নিয়েছে শক্তি ফাউন্ডেশন। ১১ ফেব্রুয়ারি নরসিংদী জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে দিনব্যাপী এই মেলার আয়োজন করা হয়। মেলা উদ্বোধন করেন নরসিংদীর জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী। মেলায় শক্তি ফাউন্ডেশনের মোবাইল ক্লিনিক সবার দৃষ্টি কাড়ে। বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয়, ডায়াবেটিস ও হেপাটাইটিস-বি পরীক্ষাসহ অন্যান্য সেবা দেন স্বাস্থ্যকর্মীরা। সেবা প্রদানের পাশাপাশি মেলায় অংশগ্রহণকারী অন্য এনজিও কর্মীদের সাথে দলগতভাবে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ নেন শক্তি ফাউন্ডেশনের কর্মীরা। সবার সক্রিয় অংশগ্রহণ এই মেলাকে প্রাণবন্ত করে তোলে।


## নারীর অধিকার, সমতা ও স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ





নারীর অধিকার, লিঙ্গ ভিত্তিক সহিংসতা, যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যের যত্ন বিষয়ে প্রশিণের আয়োজন করেছে শক্তি ফাউন্ডেশন। বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)-এর সহযোগিতায় ১৮ থেকে ২০ ফেব্রুয়ারি সাভারের শক্তি ট্রেনিং অ্যান্ড রিসার্চ সেন্টার (স্টার্ক)-এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ২টি ব্যাচে ৪৪ জন প্যারামেডিক, মেডিকেল এসিসটেন্ট এবং হেলথ কোঅরডিনেটর অংশগ্রহণ করেন।এই প্রশিক্ষণের ফলে শক্তির স্বাস্থ্যকর্মীরা দেশের প্রত্যন্ত অঞ্চলের নারী ও কিশোরীদের মানবাধিকার, যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে কাজ করবে। এর ফলে নারীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার সুরক্ষার পাশাপাশি আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়ক হবে, যা দীর্ঘমেয়াদে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে।


## সমৃদ্ধি কর্মসূচির "বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা"



গত ২৩ এবং ২৫ ফেব্রুয়ারি, কুমিল্লার তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নে শক্তি ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে আয়োজন করা হয় "বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা"। এই আয়োজনে অংশগ্রহণ করে শক্তি ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির শিক্ষা সহায়তা কেন্দ্রের শিক্ষার্থী, কৈশোর কার্যক্রমের কিশোর-কিশোরী, যুব কার্যক্রমের যুব সদস্য এবং প্রবীণ কার্যক্রমের প্রবীণ সদস্যগণ। দু'দিনব্যাপী এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা তাদের ক্রীড়া ও সাংস্কৃতিক নৈপুণ্য প্রদর্শন করেন। প্রতিযোগিতাটি ছিল প্রাণবন্ত এবং উত্তেজনাপূর্ণ, যেখানে প্রতিটি বয়সী সদস্যই তাদের নৈপুণ্য দেখাতে সক্ষম হন। বিজয়ীদের উৎসাহিত করার জন্য পুরস্কার প্রদান করা হয়। শক্তি ফাউন্ডেশনের এই উদ্যোগ স্থানীয় জনগণের মধ্যে ঐক্য ও ভালোবাসা প্রতিষ্ঠার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

## ফ্রি চক্ষু ক্যাম্প আয়োজন

শক্তি স্বাস্থ্য কার্যক্রমের আওতায় ফেব্রুয়ারি ২০২৫ মাসে হোমনা কুমিল্লা, সদর শরীয়তপুর,খিলক্ষেত ঢাকা, কালীগঞ্জ ঝিনাইদহ, সদর কিশোরগঞ্জ, নালিতাবাড়ি শেরপুর, বজরা নোয়াখালী, বনপাড়া নাটোর এবং সিংগাইর মানিকগঞ্জ শাখার কর্ম এলাকাতে মোট ৯টি ফ্রি চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়। এই ক্যাম্পের মাধ্যমে প্রায় ১৫০০ জনকে চক্ষু সংক্রান্ত বিভিন্ন সেবা প্রদানের পাশাপাশি প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।



## একনজরে শক্তি (ফেব্রুয়ারি ২৮, ২০২৫)

বিভাগ
৮

জেলা
৫৭

জোন
৪

রিজিয়ন
২৭

এরিয়া
১১৪

শাখা
৫৬৪

সদস্য সংখ্যা
৪,৭৫১০৯

ঋণী সংখ্যা
৩৮১,২৪১ জন

সঞ্চয় স্থিতি
১১৮৯.৫৯
কোটি টাকা

ঋণস্থিতি
২,৯০৫.৯৩
কোটি টাকা

কর্মী সংখ্যা
৫৩০০ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৮৮৮১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd

# "এসো মিলি আনন্দ উৎসবে"
# বাৎসরিক পিকনিক ২০২৫

ফেব্রুয়ারি ১৪ এবং ২১ তারিখ ২৭ টি রিজিয়নের কর্মীদের নিয়ে রিজিয়নভিত্তিক বাৎসরিক পিকনিক আয়োজন করা হয়। সকলের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ এবং আনন্দ উল্লাসের মেলবন্ধনে পিকনিক আয়োজন হয়ে উঠে স্বরণীয়। এই আয়োজন কর্মীদের মধ্যে টিম ওয়ার্ক এবং সহযোগিতার বন্ধনকে আরো শক্তিশালী করেছে যা আনন্দের মাত্রাকে শতগুণ বাড়িয়ে দিয়েছে ।


নোয়াখালী রিজিয়ন


টাঙ্গাইল রিজিয়ন


কক্সবাজার রিজিয়ন


নারায়ণগঞ্জ রিজিয়ন


গাইবান্ধা রিজিয়ন


মৌলভীবাজার রিজিয়ন


রাজশাহী রিজিয়ন


ময়মনসিংহ রিজিয়ন


লক্ষীপুর রিজিয়ন


গাজীপুর রিজিয়ন


রাজবাড়ী রিজিয়ন



কুমিল্লা তিতাস রিজিয়ন


কুমিল্লা চৌদ্দগ্রাম রিজিয়ন


চট্টগ্রাম সাউথ রিজিয়ন


ঢাকা নর্থ রিজিয়ন


মুন্সিগঞ্জ রিজিয়ন


মাদারীপুর রিজিয়ন


সিরাজগঞ্জ রিজিয়ন


ঢাকা সাউথ রিজিয়ন


নরসিংদী রিজিয়ন


খুলনা রিজিয়ন



চুয়াডাঙ্গা রিজিয়ন


চট্টগ্রাম নর্থ রিজিয়ন


দিনাজপুর রিজিয়ন


বরিশাল রিজিয়ন


ব্রাহ্মণবাড়িয়া রিজিয়ন


সাভার রিজিয়ন

**প্রতি মাসে 'শক্তি বার্তা'র অনলাইন কপি পেতে ইমেইল চেক করতে ভুলবেন না।**